অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুরো স্টেটের ভেটেরানদের অর্গানাইজেশনগুলিকে সমর্থন করার জন্য অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার অনুদান ঘোষণা করলেন

Veterans' Nonprofit Capital প্রোগ্রামের তৃতীয় রাউন্ডের অর্থ দেওয়া হচ্ছে, যা হলো অতি গুরুত্বপূর্ণ ইন্‌ফ্রাস্ট্রাকচারের উন্নয়নের তহবিল দিতে 1 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Veterans' Nonprofit Capital প্রোগ্রামের তৃতীয় রাউন্ডের মাধ্যমে পুরো নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) 16টি ভেটেরানদের অর্গানাইজেশনের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করেছেন। এই অনুদানগুলি এমন ফ্যাসিলিটির ক্যাপিটাল উন্নয়নকে সমর্থন করবে যা স্টেটের ভেটেরান, সার্ভিস মেম্বার এবং তাদের পরিবারকে সেবা দিয়ে থাকে।

"আমাদের ভেটেরান, যারা আমাদের দেশকে রক্ষা করতে সাহসের সাথে সেবা দিয়েছেন, তাদের নিরাপদ, মানসম্পন্ন ফ্যাসিলিটির অ্যাক্সেস প্রয়োজন ও প্রাপ্য যেখানে তারা পরিবার ও প্রিয়জনদের সাথে একত্রিত হতে পারবেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই বিনিয়োগটি শুধু অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়ন সম্ভব করবে না, বরং এছাড়াও ভেটেরানদের একত্রিত হতে এবং নিজেদের কমিউনিটি ও পারিবারের সাথে বন্ধন দৃঢ় করতে দিবে।"

ডিপার্টমেন্ট অফ ভেটেরান্স সার্ভিসেসের (Department of Veterans' Services, DVS) সাথে পার্টনারশিপে ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্কের (Dormitory Authority of the State of New York, DASNY) পরিচালিত অনুদানগুলি 25,000 মার্কিন ডলার থেকে 75,000 মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল উন্নয়ন প্রজেক্টের জন্য ক্ষতিপূরণ দিয়ে থাকে। ভেটেরানদের অর্গানাইজেশনগুলি অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের জন্য তহবিল ব্যবহার করবে, যেমন, নতুন ছাদ, HVAC সিস্টেম, ইলেক্ট্রিক্যাল উন্নয়ন, Americans with Disabilities Act (ADA) মান্য করার জন্য উন্নয়ন এবং রান্নাঘর ও সাধারণ স্থানের সংস্কার।

প্রাপকেরা ছয়টি অঞ্চলে অবস্থিত: ক্যাপিটাল রিজিয়ন (Capital Region) (4), সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York) (1), ফিঙ্গার লেকস (Finger Lakes) (4), লং আইল্যান্ড (Long Island) (2), মিড-হাডসন (Mid-Hudson) (1) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) (4)। প্রজেক্টের মধ্যে আছে ছাদ বদলে দেওয়া, পার্কিং লট নতুন করে নির্মাণ, জেনারেটর ইনস্টল করা এবং ফ্যাসিলিটির অ্যাক্সেসিবিলিটির উন্নয়ন। একটি অর্থ দেওয়ার তালিকা এখানে রয়েছে।

ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্কের প্রেসিডেন্ট এবং CEO Robert J. Rodriguez (রবার্ট জে. রড্রিগেজ) বলেন, "ডিপার্টমেন্ট অফ ভেটেরান্স সার্ভিসেসে আমাদের পার্টনারদের সাথে এই প্রোগ্রামটি পরিচালিত করতে পেরে DASNY গর্বিত, এটি ভেটেরানদের সমর্থন করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতি পূরণ করছে। এই ক্যাপিটাল উন্নয়নগুলি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে ভেটেরানদের কাছে নিরাপদ, আধুনিক ফ্যাসিলিটির অ্যাক্সেস থাকে যেখানে তারা একত্রিত হতে পারবেন, সেবা পেতে পারবেন, এবং আমাদের দেশের প্রতি তাদের সেবার মাধ্যমে তারা যে গুরুত্বপূর্ণ সংযোগ তৈরি করেছেন তা ধরে রাখতে পারবেন।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ভেটেরান্স সার্ভিসেসের জেনারেল কাউন্সেল Jonathan Fishbein (জোনাথন ফিশবেন) বলেন, "যে আবেদন পাওয়া গেছে তার মাণ এবং পুরো স্টেটে সমর্থিত সেবার ব্যাপ্তি উভয় দিক দিয়ে Veterans' Nonprofit Capital প্রোগ্রামের তৃতীয় রাউন্ড ছিলো এখন পর্যন্ত আমাদের সবথেকে শক্তিশালী রাউন্ডগুলির একটি। এই অনুদানগুলি মাঠপর্যায়ে সত্যিকারের পার্থক্য তৈরি করে দিচ্ছে। নিউ ইয়র্কের প্রত্যেক কোণার ভেটেরান, সার্ভিস মেম্বার, এবং সামরিক পরিবারের কাছে যাতে সমর্থনের শক্তিশালী, স্থিতিশীল, এবং বিকাশমান নেটওয়ার্কের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করার ব্যাপারে DVS প্রতিশ্রুতিবদ্ধ আছে। গভর্নর Hochul (হোকল) যারা সামরিক দায়িত্ব পালন করেছেন তাদের জন্য অতি প্রয়োজনীয় সমর্থন দিয়ে যাচ্ছেন।"

যোগ্য ফ্যাসিলিটিগুলির আর্কিটেকচার, নকশা, প্রকৌশল, নির্মাণ, নতুন করে নির্মাণ, পুনর্বাসন বা বড় করার জন্য, এবং যোগ্য আসবাবপত্র বা সরঞ্জাম কেনার জন্য Veterans' Nonprofit Capital প্রোগ্রামটি তহবিল দিয়ে থাকে। শুরু করার পর থেকে প্রোগ্রামটি পুরো স্টেটের ভেটেরানদের অর্গানাইজেশনগুলিকে 4.6 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে।

NYS ডিপার্টমেন্ট অফ ভেটেরান্স সার্ভিসেস সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ভেটেরান্স সার্ভিসেস গর্বের সাথে নিউ ইয়র্কের ভেটেরান, সার্ভিস মেম্বার এবং সামরিক পরিবারকে সেবা দিয়ে থাকে, তাদেরকে বেনিফিট, সেবা এবং সমর্থনের সাথে যুক্ত করে দেয়। সামরিক দায়িত্ব পালন করা সকলের উচিত 888-838-7697 নম্বরে বা এর ওয়েবসাইট veterans.ny.gov-এর মাধ্যমে ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করা, যাতে তাদের অর্জিত বেনিফিট পাওয়ার জন্য একজন স্বীকৃত ভেটেরান্স বেনিফিটস অ্যাডভাইজরের (Veterans Benefits Advisor) সাথে উপস্থিত হয়ে বা ভার্চ্যুয়ালি দেখা করা যায়। DVS-কে Facebook, Instagram, X এবং LinkedIn-এ ফলো করুন।

DASNY সম্পর্কে
1944 সালে প্রতিষ্ঠিত, DASNY হলো নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটাল প্রজেক্ট ডেভেলপমেন্টের অথোরিটি। এটি নিউ ইয়র্কের সমৃদ্ধিতে সাহায্য করে এমন সাস্টেনেবল এবং স্থিতিশীল বিজ্ঞান, স্বাস্থ্য, এবং শিক্ষা প্রতিষ্ঠানের জন্য তহবিল দেয় এবং নির্মাণ করে। এটি দেশের সবথেকে বড় ট্যাক্স মওকুফ বন্ড ইস্যুকারীদের মধ্যে একটি যাদের 31 মার্চ, 2025 পর্যন্ত আনুমানিক 60.1 বিলিয়ন মার্কিন ডলারের একটি আউটস্ট্যান্ডিং বন্ড পোর্টফোলিও আছে। DASNY এছাড়াও সফল সরকারি নির্মাতা যাদের 31 মার্চ 2025 পর্যন্ত প্রায় 1,000টি প্রজেক্টের একটি নির্মাণ

পাইপলাইন রয়েছে যার মূল্য 13 বিলিয়ন মার্কিন ডলারের বেশি। DASNY সম্পর্কে আরও জানার জন্য, www.dasny.org ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন